

দরিদ্র মেধাবী শিক্ষার্থীদের সহায়তায় এগিয়ে আসতে হবে- শিক্ষামন্ত্রী

ঢাকা, ২৬ নভেম্বর ২০১৭

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, দরিদ্র মেধাবী শিক্ষার্থীদের সহায়তায় সবাইকে এগিয়ে আসতে হবে । তাদের জন্য সুযোগ তৈরি করতে হবে । যাকাতের সুষ্ঠু ব্যবস্থাপনার মাধ্যমে মেধাবী ছাত্রছাত্রীদের বৃত্তি প্রদান এক্ষেত্রে একটি চমৎকার উদ্যোগ উল্লেখ করে তিনি বলেন, ধর্মীয় দায়িত্ব পালনের পাশাপাশি তা দেশ ও জাতির কল্যানে কাজে লাগবে ।

শিক্ষামন্ত্রী আজ রাজধানীর কাকরাইলে বাংলাদেশ ইনসিটিউট অব ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স মিলনায়তনে 'সিজেডএম জিনিয়াস স্কলারশিপ এওয়ার্ড প্রদান অনুষ্ঠানে' প্রধান অতিথির বক্তৃতায় একথা বলেন। সেন্টার ফর যাকাত ম্যানেজমেন্ট (সিজেডএম) এ অনুষ্ঠানের আয়োজন করে ।

শিক্ষামন্ত্রী বলেন, আমাদের নতুন প্রজন্মকে প্রস্তুত করে তুলতে হবে । এজন্য বিজ্ঞান ও কারিগরি শিক্ষায় অধিকতর জোর দেয়া হচ্ছে । শিক্ষার মূল লক্ষ্য নতুন প্রজন্মকে আধুনিক উন্নত বাংলাদেশের নির্মাতা হিসেবে গড়ে তোলা । তারা বিভিন্ন ক্ষেত্রে নেতৃত্ব দেবে । দক্ষতা অর্জনের পাশাপশি তাদেরকে নেতৃত্ব মূল্যবোধসম্পন্ন ভাল মানুষ হতে হবে । তিনি বলেন, সারা পৃথিবীতে দক্ষ জনশক্তির প্রয়োজনীয়তা রয়েছে । আমাদের তরফে মেধার দিক থেকে কোন অংশে কম নয় । এজন্য তাদেরকে এমনভাবে প্রস্তুত করতে হবে যাতে তারা প্রতিযোগিতার মাধ্যমে বিশ্বে জায়গা করে নিতে পারে ।

সাবেক মন্ত্রী লে. জে. (অব.) এম নুরদিন খানের সভাপতিত্বে অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে সিজেডএম-এর চেয়ারম্যান নিয়াজ রহিম, সিজেডএম-এর কোষাধ্যক্ষ ড. মোহাম্মদ আবদুল মজিদ, ইসলামী ব্যাংক বাংলাদেশ লিমিটেডের চেয়ারম্যান ও সিজেডএম-এর উপদেষ্টা আরাস্ত খান এবং সিজেডএম-এর প্রধান নির্বাহী ড. মোহাম্মদ আইয়ুব মিয়া বক্তব্য রাখেন ।

অনুষ্ঠানে ঢাকা অঞ্চলের বিভিন্ন বিশ্ববিদ্যালয় ও মেডিকেল কলেজের ৪২১ জন শিক্ষার্থীকে বৃত্তি প্রদান করা হয় । সিজেডএম এ বছর সারাদেশের স্নাতক পর্যায়ের মোট দুই হাজার শিক্ষার্থীকে বৃত্তি কর্মসূচির আওতায় মাসিক বৃত্তি প্রদান করবে ।

মোহাম্মদ আফরাজুর রহমান
সিনিয়র তথ্য অফিসার
শিক্ষা মন্ত্রণালয়
মোবাইল: ০১৯১১-০০৭৫৩৯